Government of West Bengal
Office of the Principal
Kabi Jagadram Roy Government General Degree College
MEJIA – 722143.

(On NH-60),
Mejia, Distt. Bankura
West Bengal.
Phone: +91-3241-250250
E-mail: kjrggdcmejia@gmail.com
Web: www.kjrggdc.ac.in

Research activities of the teaching faculties

Details of research papers published by teaching faculties (all the present/ transferred/retired faculty members) in the Journals notified on UGC CARE list.

Sl. no.	Title of paper	Name of the author/s	Department of the teacher	Name of journal	Calendar Year of publication	ISSN number	Page number for reference	UGC Care listed
1	**Maikeler bibaho, Modhusudaner Dampatyo**	Kalyan Mukherjee	**Bengali**	Krittibas	2024		**1-3**	**YES**
2	**Rabon: Balmiki theke Modhusudan, Sristir nana dik**	Kalyan Mukherjee	**Bengali**	Nibodhato	2024	0972-4877	**4-10**	**YES**
3	**Dukhumia theke Nazrul, Jantronar Itikatha**	Kalyan Mukherjee	**Bengali**	Tobu Ekalabya	2023	0976-9463	**11-13**	**YES**
4	**Revisiting the role of Muslims of Burdwan Districts in Indian Independence Movement:1905-1935**	Pradip Kumar Das and **Samim Rahaman Molla**	**History**	Education and Society	2023	2278-6864	**14-19**	**YES**
5	**Betalponchobingshoti Bonam Betalpochchisi**	Dr. Rabin Ghosh	**Bengali**	International journal of Integrated Research and Development	2023	2278-8670	**20-22**	**YES**
6	**Abstract of PhD Synopsis: Financial Inclusion and Quality of Life: A study in India with special reference to West Bengal**	Avisek Sen	**Commerce**	Journal of the Department of Commerce	2022	2349 -9494	**23-24**	**YES**
7	**Tinti Uponyaser Aloke Samaj O Narishiksha**	Indrani Hazra	**Bengali**	Antarmukh	2022	2249-3751	**25-30**	**YES**
8	**Saronjiter Uponyase prem, samprotik samoyer kathakota**	Kalyan Mukherjee	**Bengali**	Antarmukh	2022	2249-3751	**31-33**	**YES**
9	**Speech and Silence as Means of Violence against Women: A Critical Study of Vijay Tendulkar's Silence! The Court is in Session and Manjula Padmanabhan's Lights Out**	Sutista Ghosh	**English**	Sahityasetu (A Peer-reviewed Literary e-journal, Year-11, Issue-1, Continuous Issue-61, January-February 2021)	2021	2249-2372	**34-40**	**YES**
10	**Exploring the 'Uncanny' in Angela Carter's "The Bloody Chamber**	Sutista Ghosh	**English**	Littcrit (Issue-91, Volume-47, Number-1, June-2021, pp 176-	2021	0970-8049	**41-44**	**YES**

KABI JAGADRAM ROY GOVT. GENERAL DEGREE COLLEGE ESTD-2015 "MEJIA"

Officer-in-Charge
Kabi Jagadram Roy Govt. General Degree College
Mejia-722143 Dist-Bankura, W.B.

Government of West Bengal
Office of the Principal
Kabi Jagadram Roy Government General Degree College
MEJIA – 722143.

(On NH-60),
Mejia, Distt. Bankura
West Bengal.
Phone: +91-3241-250250
E-mail: kjrggdcmejia@gmail.com
Web: www.kjrggdc.ac.in

				182.				
11	**Barbara Kingsolver's Prodigal Summer: An Ecofeminist Approach**	Sutista Ghosh	**English**	Sahityasetu (A Peer-reviewed Literary e-journal, Year-11, Issue-4, Continuous Issue 64.	2021	2249-2372	**45-61**	**YES**
12	**Bangla Kathasahitye Prakritik O Manusyasrishto Duryoger Pratifalan**	Indrani Hazra	**Bengali**	Ebong Mohua	2021	NA	**62-65**	**YES**
13	**Supokar Rabindranath**	Kalyan Mukherjee	**Bengali**	Tobu Ekalabya	2020	0976-9463	**66-68**	**YES**
14	**Indigeneity in a Nationalist Context: Exploring Alternative Modernity in Upendrakishore Raychaudhuri's Popular Science Writings**	Sutista Ghosh	**English**	Drishti: the Sight (A Referred Peer-reviewed Bi-annual Research Journal of English Literature/ Assamese Literature/ Folklore/ Culture, Vol. IX, Issue II	2020	2319-8281	**69-71**	**YES**
15	**Gandhir Bhavnay Jisu Christa 0 Christian Dharma**	Siba Prasad Chaudhury	**Philosophy**	MS Academic Journal	2020	2229-6484	**72-76**	**YES**
16	**Study of an eco-epidemiological model with predator switching**	S Biswas, **Md Yasin Khan,** S Samanta	**Mathematics**	Journal of the Calcutta Mathematical Society	2019	2231-5314	**77-78**	**YES**
17	**Some Philosophical and Metaphysical Exposition of Physics in Ancient India**	Siba Prasad Chaudhury	**Philosophy**	Nabyasrote	2019	2249-8133	**79-81**	**YES**
18	**Narir samajik protibondhokota : 'Prantororngo' o 'Shikhar theke shikhare'**	Indrani Hazra	**Bengali**	Nababi	2019	2394-6431	**82-84**	**YES**
19	**Bharat Chharo Andolane Bardhaman Zella Ebang Muslim Samaj**	Samim Rahaman Molla	**History**	Journal of Emerging Technologies and Innovative Research	2019	2349-5162	**85-87**	**YES**
20	**The Characteristics and Significance of Solar Modulation on the Terrestrial Atmosphere**	Aloke Kumar Das	**Physics**	International Journal of Scientific Research and Review	2018	2279-543X	**88**	**YES**
21	**Conceptualizing the Linkages between Financial Development, Human Development and Income Inequality: Cross-Country Evidences.**	**Avisek Sen** & Dr. Arindam Laha	**Commerce**	International Journal of Financial Management	2018	2229-5682	**89-91**	**YES**
22	**Bidrohi Paramparay Narir Bibartan : 'Khona Mihirer Dhipi'**	Indrani Hazra	**Bengali**	Ajker Jodhan	2018	0871-5819	**92-94**	**YES**
23	**Justified Violations insights from Media Ethics**	Arpita Chauni	**Philosophy**	Bhasapath	2018	24559512	**95-98**	**YES**

KABI JAGADRAM ROY GOVT. GENERAL DEGREE COLLEGE ESTD-2015 "MEJIA"

Officer-in-Charge
Kabi Jagadram Roy Govt. General Degree College
Mejia-722143 Dist-Bankura, W.B.

কৃত্তিবাস

১৬ জানুয়ারি-১ ফেব্রুয়ারি ২০১৪
যুগ্ম সংখ্যা দাম ১৫০ টাকা



সাহিত্য সংখ্যা

দ্বিশতবর্ষে মাইকেল মধুসূদন

Scanned with OKEN Scanner

● ১৬ জানুয়ারি-১ ফেব্রুয়ারি ২০২৪ (যুগ্ম সংখ্যা)● বর্ষ ৯ সংখ্যা ৪-৫ ●

কৃত্তিবাস

• কৃত্তিবাসী মেগা •

১৪ মধুসূদনের আত্মকথন **অমিত্রসূদন ভট্টাচার্য**
২০ বধকাব্যধারায় মধুকবির উত্তরাধিকার **সায়ন্তন মজুমদার**
২৩ মধুসূদন-ই চরিত্র : নাটকে ও উপন্যাসে **অশোককৃষ্ণ চট্টোপাধ্যায়**
২৭ প্রেমের নিগড় গড়ি **সৌরেন বন্দ্যোপাধ্যায়**
৩২ মধুসাহিত্য চরিত্রাবলী **সুজিত কুমার বিশ্বাস**
৪৩ সুন্দরের পুনর্নির্মাণ : মাইকেলের তিলোত্তমাসম্ভব কাব্য **শুচিস্মিতা দাস**
৪৬ মধুসূদনের চিন্তাজগৎ **হিন্দোল ভট্টাচার্য**
৪৯ ধ্রুপদী মধুসূদন ও লৌকিক মায়াবী কমলকুমার **প্রবীর গঙ্গোপাধ্যায়**
৫২ বীরাঙ্গনা কাব্য ও বঙ্কিমচন্দ্রের উপন্যাস **ভাস্বতী মুখোপাধ্যায়**
৫৬ মধুসূদনের সনেটে পুরাণ মহাকাব্যের চরিত্র **গৌতম মুখোপাধ্যায়**
৫৯ মিথ ও মেঘনাদবধ কাব্য **মানস মজুমদার**
৬১ শ্রীমধুসূদনের কাব্য কবিতার রূপকল্প **ধ্রুবকুমার মুখোপাধ্যায়**
৬৪ মধুসূদন দত্তের ব্রজাঙ্গনা পাঠ পরিক্রমা **বিকাশ পাল**
৬৮ রাজনারায়ণের 'রত্নাবলী', অনুবাদে মাইকেল মধুসূদন **ছবি সরকার**
৭৩ ক্যাপটিভ লেডী : বেথুন সাহেবকে মধুসূদন **অন্বেষা খান**
৭৬ মধুসূদনের উজ্জ্বল সৃষ্টি : বীরাঙ্গনা কাব্য **বিনতা রায় চৌধুরী**
৮১ যুগোত্তীর্ণ আধুনিকতার প্রথমতম দিগদর্শী : মধুসূদন **সংহিতা চক্রবর্তী**
৮৪ মধুময়তায় মোড়া অঙ্গনা-কথন **রুম্পা দাস ভট্টাচার্য**
৮৬ মধুসূদনের কৃষ্ণকুমারী, ফিরে দেখা **সুতৃষ্ণা ঘোষ**
৮৮ ফিরে দেখা 'শর্মিষ্ঠা' **আশুতোষ বিশ্বাস**
৯১ চতুর্দশপদীতে বিশ্বসাহিত্যের নানা প্রসঙ্গ **দেবাশিস ভট্টাচার্য**
৯৬ মধুসূদন : ব্যক্তি ও ব্যক্তিত্ব তাঁর পত্রাবলীতে **সুস্মিতা বন্দ্যোপাধ্যায়**
৯৯ মাইকেলের মেয়েরা **শম্পা ভট্টাচার্য**
১০২ মাইকেলের বিবাহ, মধুসূদনের দাম্পত্য **কল্যাণ মুখোপাধ্যায়**
১০৭ পঞ্চকোটে মধুসূদন **সমীরণ দাস**
১১১ নির্বাচিত পত্রাবলী : বিদ্যাসাগরকে মধুসূদন **অনুবাদ : সুশীল রায়, টীকা : সুভাষ মুখোপাধ্যায়**
১১৮ মধু-রসে রিলিফ : বুড় সালিকের ঘাড়ে রোঁ **উজ্জ্বল গরাই**
১২০ মেঘনাদবধ শব্দ-রহস্য **মৌসুমী তরফদার**
১২৩ মধুসূদন ও বিদ্যাসাগর : বাঙালির আধুনিকতার দুই পুরুষের সম্পর্ক **কৃষ্ণালক্ষ্মী সেন**

১২৬ সাম্প্রতিক উপন্যাসে মধুসূদন দত্ত **কমলিকা রায় দত্ত**
১২৮ হেক্টর বধ : গ্রিক উপাখ্যানে মধু-র স্পর্শ **সায়ন সেনগুপ্ত**
১৩১ মধুসূদনের রিজিয়া **অংশুমান পাল**
১৩৩ মাইকেল মধুসূদন দত্তের বৌদ্ধিক অগ্রগমন **মঞ্জুলা বেরা**
১৪০ বুড় সালিকের ঘাড়ে রোঁ : একটি পর্যালোচনা **মৌসুমী রথ**
১৪৩ পত্রলেখক শ্রীমধুসূদন, প্রাপক যখন রাজনারায়ণ **সন্দীপ চট্টোপাধ্যায়**
১৪৭ প্রতি প্রশ্নে কেঁপে ওঠে সভ্যতা : মধুসূদনের প্রথম প্রহসন **নীলাদ্রি নিয়োগী**
১৪৯ মেঘনাদের মঞ্চে অবতরণ **অংশুমান ভৌমিক**
১৫৩ আজ যদি তরুণ মাইকেল মধুসূদন দত্ত কবিতা লিখতেন **অনুপম মুখোপাধ্যায়**
১৫৫ মধুসূদন বিষয়ক নির্বাচিত গ্রন্থ ও তাঁর গ্রন্থাবলী **দেবাশিস ভট্টাচার্য**
১৫৭ মাইকেল মধুসূদন দত্তের ক্যাভটিভ লেডি ও সমকালীন প্রসঙ্গ **সুজাতা বন্দ্যোপাধ্যায়**

বই আলোচনা

১৬১ সমীরণ দাসের 'মধুময় তামরস' : মহাকাব্যিক আখ্যান **খসরু পারভেজ**

সাহি কৃত্তিবাস • ও কৃত্তিবাসী বৈঠক •

ধারাবাহিক স্মৃতিকথা

১৬৬ শান্তিনিকেতনে ষাট বছর **অমিত্রসূদন ভট্টাচার্য**

ধারাবাহিক আত্মজীবনী

১৭১ জীবনের আঁকিবুকি **অমরেন্দ্র চক্রবর্তী**

ধারাবাহিক উপন্যাস

১৭৯ উপমা কালিদাসস্য **তপন বন্দ্যোপাধ্যায়**
১৮৪ **সংবাদ : স্মরণ**

প্রচ্ছদ সুদীপ্ত দত্ত

Scanned with OKEN Scanner

মাইকেলের বিবাহ, মধুসূদনের দাম্পত্য

কল্যাণ মুখোপাধ্যায়

কারোর কারোর বিয়ে 'হয়' আর কেউ কেউ বিয়ে 'করে'। একুশ শতকে দাঁড়িয়ে এই কথার মর্মার্থ অনেকেই উপলব্ধি করতে না পারলেও উনিশ শতকের প্রথমার্ধে বিয়ে 'করা'র কথা স্বপ্নেও ভাবা যেত না। সেইসময় বাড়ি থেকে দেখে শুনে বিয়ে 'দেওয়াই' ছিল স্বাভাবিক রীতি, নিজে দেখে শুনে বিয়ে 'করা' যেত না। বিয়ের স্বাভাবিক বয়স ছিল দশ-এগারো-বারো বছর। মধুসূদনের বিয়ের প্রসঙ্গে আসার আগে জেনে রাখা ভালো তাঁর সমসাময়িক বঙ্কিমের বিয়ে হয়েছিল এগারো বছর বয়সে, বিধবা বিবাহের পুরোধা পুরুষ বিদ্যাসাগরের বিয়ে হয় এগারোতে, মধুসূদনের বন্ধু রাজনারায়ণেরও হয় সেই এগারোতেই ! মধুসূদনের বাবা মা-ও সেইমতো পুত্রের জন্য পাত্র খুঁজে ভুল করেননি। তাঁরা পুত্রের জন্য ধনী জমিদার কন্যা দেখেছিলেন। স্বাভাবিকভাবেই অন্যান্য পিতামাতার মতো মধুর বয়স কম বলে তাঁর ইচ্ছা-অনিচ্ছাকে গুরুত্ব দেননি। কিন্তু তাঁদের পুত্র ছোটো থেকে বায়রন মিলটন দের জীবনী এবং বই পড়ে পাশ্চাত্য জগতের সঙ্গে পরিচিত হয়েছিলেন। তাই ছোটো থেকেই ধারণা হয়েছিল বিয়ে করতে হলে নিজে পছন্দ করে বিয়ে করবেন। শুধু তাই নয়, সুশিক্ষিতা নীলনয়না সুন্দরী বিদেশিনীকেই বিয়ে করতে হবে, অশিক্ষিতা ভারতীয় বালিকাকে নয়। পাত্রী সুন্দরী এবং ধনী কিনা সেটা তাঁর কাছে বিবেচ্য ছিল না। এই বিষয়ে তাঁর অনুভূতির কথা তাঁর প্রিয়তম বন্ধু গৌরদাসের চিঠি থেকে জানা যায়— 'অন্যের অনুরোধে নিজের ইচ্ছা-অনিচ্ছাকে বিসর্জন দেওয়া মধুর স্বভাব বিরোধী, সে-ইচ্ছা গুরুজনদের হলেও। যার সঙ্গে বিবাহের পূর্বে তার মনের মিল হয়নি, তাকে কী করে সে গ্রহণ করবে; এটা তার চিন্তারও অতীত। বিবাহ ব্যাপারে নিতান্ত জৈবিক অনুভূতি তাঁর হৃদয়ে কোনো প্রভাব বিস্তার করতে পারতো না। সে বিবাহ-পূর্ব প্রণয় চাইত, যদিও বিবাহ-পূর্ব প্রেম হিন্দু পরিবারে অলীক রূপকথা। সে আমাকে প্রায় বলত, সে বরং চিরকুমার হয়ে থেকে মরবে, তবু সে নিরক্ষরা অশিক্ষিতা এবং সহানুভূতিশূন্যা কোনো বালিকাকে বিয়ে করবে না। সে যুগে আমাদের সমাজে এইরকম শিক্ষিতা মেয়ের সন্ধান পাওয়া ছিল অসম্ভব।'[১] শুধু তাই নয়, ভারতীয় মেয়েরা যে বিদেশি মেয়েদের শতাংশের এক কণাও নয় সেকথা মধুসূদন বারবার বলেছেন।

মধুসূদনকে জানতে হলে চিঠিটিকে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি দলিল হিসাবে দেখতে হবে। মধুকবিকে বুঝতে গেলে খুব গভীরভাবে অনুভব করতে হবে এখন থেকে দুশো বছর আগেকার বাংলার সমাজ কেমন ছিল। রক্ষণশীল, গোঁড়া সমাজের চোখরাঙানি অনুভবে আনতে না পারলে মধুসূদনের জীবন এবং বিবাহকে বোঝা অসম্ভব। আরও বোঝা কঠিন হয়ে ওঠে কারণ মধুসূদনের বিয়ে বা প্রেম নিয়ে চিঠিপত্র তেমন পাওয়া যায় না। কাব্য নাটক নিয়ে যেখানে এত কথার এবং চিঠির ফুলঝুরি ছুটেছে সেখানে নিজের বিয়ে বা প্রেম বা দাম্পত্য নিয়ে তিনি প্রায় নিশ্চুপ। প্রমথনাথ বিশী অনুমান করেছেন যে বারেবারে কবির স্থান পরিবর্তন এবং অসুস্থতাজনিত কারণে দাম্পত্যজীবনের চিঠি সব নষ্ট হয়ে গেছে বা হারিয়ে গেছে। কিন্তু এ কথাকে সম্পূর্ণ সমর্থন আমরা করতে পারি না। একই সময়ে লেখা কাব্যের বা নাটকের কথা যেখানে এত পাওয়া যায়, সেখানে বেছে বেছে দাম্পত্যের চিঠিগুলিই শুধু হারিয়ে যাবে? নষ্ট হয়ে যাবে? নাকি ইচ্ছা করে নষ্ট করা হয়েছে সেই মুহূর্তগুলির লিখিত চিহ্নগুলি? নাকি তিনি স্বামী-স্ত্রীর সম্পর্কের কথা কাউকে জানাতেই চাননি? একথা নিশ্চিত করে বলা যায় যে, তিনি তাঁর স্ত্রীকে চিঠি লিখেছিলেন অনেকবার। বারেবারে তাঁর সঙ্গে স্ত্রীর ভৌগলিক দূরত্ব তৈরি হয়েছে, তাই চিঠি না লিখে তারা কেউ ছিলেন একথা মেনে নেওয়া যায় না, যেখানে মধুসূদনের অন্যান্য চিঠি এত বেশি। শুধু ভৌগোলিক দূরত্বটুকুই আমরা দেখতে পাই, মানসিক নৈকট্য বা দূরত্ব দূরবীন দিয়ে খুঁজতে হয়। এই বিষয়ে তিনি যথেষ্ট চাপা স্বভাবের ছিলেন। ১৮৪২-এর নভেম্বরে তাঁর বিলেত যাবার গোপন পরিকল্পনা একবার বন্ধু গৌর সবাইকে বলে দেবে বলেছিল, বোধকরি তাই আর কখনও নিজের ব্যক্তিজীবনের কথা কারওর কাছে প্রকাশ করেননি তিনি।[২] তিনি নিজেও জানতেন তাঁর সিদ্ধান্ত কতখানি বৈপ্লবিক। সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করে খ্রিস্টান হতে যথেষ্ট বাধা আসা স্বাভাবিক। তাই কলেজে পড়ার সময় কাউকে কিছু না বলে হঠাৎ করে একদিন খ্রিস্টান হয়ে গেলেন। অবশ্য হঠাৎ বলা ভুল। তাঁর খ্রিস্টান হওয়ার পিছনে বেশ কিছু কারণ ছিল। প্রথম কারণ, বাবা মা জমিদার কন্যার সঙ্গে বিয়ে ঠিক করেছেন, খ্রিস্টান হলে সেই বিয়ে থেকে মুক্তি পাওয়া যাবে। তাঁকে না জানিয়ে তার মতকে গুরুত্ব না দিয়ে বিয়ে ঠিক করেছিলেন যারা সেই বাবা-মাকেও একটা শিক্ষা হয়তো-বা তিনি দিতে চেয়েছিলেন। দ্বিতীয় কারণ খুব গুরুত্বপূর্ণ— তাঁর স্বপ্নের ইংল্যান্ডে যেতে পারার সম্ভাবনা। সেই সময় বিশপস্ কলেজের কেউ কেউ তাকে এই দিকটি বুঝিয়ে প্রলুব্ধ করেছিলেন। আর তৃতীয় কারণ, খ্রিস্টান হলে বিদেশিনীকে নিজে পছন্দ করে বিয়ে করাও সুবিধা। অবশ্য সেই সময় রেভারেন্ড কৃষ্ণমোহনের কন্যা দেবকীর সঙ্গে তার সম্পর্ক নিয়ে অনেক জীবনীকার খ্রিস্টান হওয়ার দিকটি উল্লেখ করেছেন। কিন্তু সাল তারিখের হিসাবে দেখা যায়, মধুসূদন যখন খ্রিস্টান হন তখন দেবকীর বয়স দুই-তিন বছর। তাই প্রেমজনিত কোনো কারণে মধুসূদন ধর্ম পরিবর্তন করেননি। ইংল্যান্ডে গিয়ে বিদেশিনীকে বিয়ে করে খ্রিস্টান হয়ে গিয়েছিলেন, এই মিথও সম্পূর্ণ ভ্রান্ত। প্রথম দুটি কারণই ছিল সবথেকে গুরুত্বপূর্ণ।

দীর্ঘদিন অপেক্ষা করার পরেও যখন পুত্র স্বধর্মে ফিরে এল না, তখন পিতা রাজনারায়ণ পুত্রের মাসোহারা বন্ধ করে দিলেন। আর ঠিক এই সময় থেকেই মধুসূদনের জীবনে অভাব এবং দারিদ্র্য সঙ্গী হল, যা আমৃত্যু তার সঙ্গ ছাড়েনি। খ্রিস্টান হওয়ায় স্বভাবতই তাঁকে হিন্দুসমাজের চক্ষুশূল হতে হল। কলকাতায় চাকরি পেলেন না কোনোভাবেই। এইসময় বংশরক্ষা আর পরকালের ভাবনায় (একমাত্র সন্তান মধু আর ফিরবে না ভেবেই) পিতা রাজনারায়ণ আবার বিবাহ করেন। জননী জাহ্নবীর প্রতি পিতার এই অবিচার মধুসূদন মানতে পারেননি। খ্রিস্টান হওয়ার ফলে সহজে ইংল্যান্ড যাওয়া যাবে এই কথা যারা মধুসুদনকে বুঝিয়েছিল, তারাও ততদিনে মুখ ফিরিয়েছে, তাই বিলেত যাওয়ার আশাও আর ছিল না। বিশপস্ কলেজের কয়েকজনের কাছে শুনেছিলেন মাদ্রাজ গেলে কাজ পাওয়া যেতে পারে। সেই সময় কয়েকজন দক্ষিণী যুবকের সঙ্গে তাই কলকাতা ছেড়ে গেলেন মাদ্রাজ। এই যাত্রাও ছিল সম্পূর্ণ গোপনে, প্রিয়তম বন্ধু গৌরদাস পর্যন্ত জানতে পারেননি। মাদ্রাজ থেকে শুরু হয় তাঁর জীবনের দ্বিতীয় পর্ব। একটি অ্যাসাইলামে শিক্ষক পদে নিযুক্ত হন তিনি। সেখানেই পড়ত ইংরেজ কিশোরী রেবেকা ম্যাকটাভিস। এতদিন যেমন রমণীকে কল্পনা করে এসেছেন, ইংল্যান্ডে গিয়ে যেমন সঙ্গিনী লাভ করবেন ভেবেছেন, রক্তমাংসের মূর্তিতে তেমনই সামনে দেখতে পেলেন চব্বিশ বছরের যুবক মধুসূদন। উভয়ের মধ্যে মেলামেশার পর অজানা শহরে একাকী মধুর হৃদয় অধিকার করেন তিনি। কীভাবে তাঁদের প্রেম হয়, তার কোনো বিবরণ আমরা কোনো চিঠিতে বা লেখাতে পাই না। অনুমান করা যায়, দীর্ঘদিন ধরে যে বিদেশিনীকে জীবনসঙ্গিনী করবেন ভেবেছিলেন, রেবেকার মধ্যে তাকেই খুঁজে পেয়েছিলেন মধুসূদন। গৌর বসাককে লেখা চিঠি থেকে জানা যায় একাকী মনে আজীবন এক সঙ্গপিপাসু মানুষ ছিলেন তিনি। বন্ধুকে লেখেন, 'চমকে উঠো না! হায়। আমি একা! এবং আমার যা প্রয়োজন তা হলো সঙ্গ। হ্যাঁ গৌর!'[৩] যদিও এই চিঠি মাদ্রাজে বসে লেখা নয়, তবু মধুর একাকিত্বের কথা আমাদের বুঝতে অসুবিধা হয় না। মধুর মনের এই শূন্যস্থান পূরণ করেছিলেন ইংরেজ কন্যা রেবেকা। অসামান্য প্রতিভাবান আয়ত চোখের অধিকারী কৃষ্ণবর্ণের মধুকে জীবনে বরণ করেছিলেন রেবেকা। রেবেকার কাছে মধু মাদ্রাজে একেবারেই অপরিচিত ছিল, যার গায়ের রং ঘোর কৃষ্ণবর্ণ, যে কপর্দকহীন, অথচ তাকেই বিয়ে করলেন তিনি। একথা ঠিক, 'এ ব্যাপারে প্রথম যৌবনে উপনীত অনাথ এবং অনাত্মীয় ও সহায়হীন রেবেকার কাঙাল ও নিঃসঙ্গ মন যতটা দায়ী; প্রতিভাদীপ্ত, উচ্ছ্বসিত, সপ্রতিভ তরুণ মাইকেলের ব্যক্তিত্বও তার চেয়ে কম দায়ী ছিল বলে মনে হয় না।'[৪] অ্যাসাইলামের সহায়হীন রেবেকাকে মধু দিয়েছিলেন পরম আশ্রয়। অনুমান করি, রেবেকা এও খবর পেয়েছিলেন যে তাঁর ভাবী জীবনসঙ্গী কোলকাতা সুপ্রিম কোর্টের অ্যাডভোকেট রাজনারায়ণ দত্তের একমাত্র পুত্র। প্রেমের বর্ণনা না দিলেও রেবেকাকে বিয়ে করতে কত অসুবিধার মধ্যে পড়তে হয়েছিল, সেকথা বন্ধুকে জানিয়েছিলেন তিনি। কারণটা খুব স্বাভাবিক। তখন পর্যন্ত কোনো বাঙালি কোনো শ্বেতাঙ্গিনীকে বিয়ে করেনি। তাই মধু-রেবেকার বিয়ে ছিল অভূতপূর্ব অভাবনীয় এক ঘটনা। মধুর মতো কালো চামড়ার মানুষ রেবেকার মতো শ্বেতাঙ্গিনীকে বিয়ে করছে দেখে হইহই পড়ে গেছিল সর্বত্র। কত বাধার সম্মুখীন হয়েছিলেন তিনি তা জানা যায় গৌরদাসকে লেখা চিঠি থেকে— 'তাকে পেতে আমাকে অনেক বিড়ম্বনা সহ্য করতে হয়। সহজেই অনুমান করতে পারবে যে, তাঁর বন্ধুরা এই বিবাহের ঘোরতর বিরোধী ছিলেন।'[৫] সম্পূর্ণ অপরিচিত জায়গাতে গিয়ে চাকরি জোগাড় করা, বিদেশিনীকে বিয়ে করা, ইংরেজ এবং সাধারণ লোকের বিদ্রূপ এড়িয়ে সংসার করা— এসবই মধুসূদনকে করতে হয়েছিল। করেওছিলেন বাইরের কাউকে তোয়াক্কা না করেই। প্রায় ছ-মাসের প্রেম এবং ১৮৪৮ এর ৩১ জুলাই বিয়ে। বিয়ের সময় মধুর বয়স ২৪, রেবেকা ১৭। তরুণী স্ত্রীকে নিয়ে কবি বাস করতে শুরু করেন মাদ্রাজের উত্তর দিকে সাগরের ধারে রায়পুরমে। নতুন বিয়ে নতুন সংসার, কিন্তু অভাব? সেটা তো নতুন নয়। মাইনে মাত্র পঞ্চাশ টাকা। অভাবকে যতটা সম্ভব পাশে সরিয়ে রেখে নব দাম্পত্যের উষালগ্নের কোমল আভাতে তখন তিনি বিভোর। বিয়ের সাড়ে তিনমাস পর রেবেকার গর্ভে প্রথম সন্তান আসে। অভাবের সংসারেও মধুসূদন দাম্পত্যের প্রথম সৃষ্টিসুখে উচ্ছ্বসিত হয়ে ওঠেন। একদিকে অভাব অন্যদিকে প্রথম সন্তানের আগমন— এর মধ্যে কবি মাদ্রাজ সার্কুলেটর পত্রিকার জন্য ওই বছরের নভেম্বরে লিখে ফেলেন 'ক্যাপটিভ লেডি'। কাব্যের ভূমিকাতে তিনি জানিয়েছেন, এটি লেখা হয়েছে জীবনের নগ্ন বাস্তবতার মধ্যে, অভাব আর অনটনের সঙ্গে লড়াই করে। কিন্তু লড়াই-এর কোনো প্রভাব কাব্যের সূচনাতে পড়েনি। সেখানে দেখা যায় স্ত্রীর প্রতি গভীর প্রেমের কথা 'অসীম সমুদ্রে পথহারা নাবিক যে শুভ্র তারাটি দেখে পথ চেনে, তুমি সেই তারা— আমার জীবনে, আমার গানে। কবির জীবনে তুমি হলে অনুপ্রেরণা। আমার এই অভাব-বিজড়িত সংসারে তোমার আগমনে আজ আর অনুতাপ নেই— তুমি সর্বোত্তম রত্ন এবং একান্ত আমারই। তুমি আমার সেই মূর্তিমতী স্বপ্ন! সানন্দিত বাস্তবে। স্পন্দিত তুফানে।' মেল অরফ্যান অ্যাসাইলামে মাত্র পঞ্চাশ টাকা বেতনের চাকরি, তবু মনের মানুষকে পেয়ে কবির এই বন্দনাগান তার প্রবল আনন্দ, উচ্ছ্বাস আর প্রশান্তিকে প্রকাশ করে। কিন্তু গর্ভবতী স্ত্রীর খরচও কম নয়। প্রথম সন্তানের জন্ম হয় ১৮৪৯ এর জুলাইয়ে। গৌরদাসকে নবপিতৃত্বের এই আনন্দ সংবাদ জানান, সুদূরে বসে থাকা পিতা রাজনারায়ণকেও এই সংবাদ দিতে বলেন। সেই একই চিঠিতে দাম্পত্যের অভাবকেও জানাতে ভোলেননা কবি— 'আমার স্ত্রী আমাকে ক্ষুদ্র একটি কন্যা এইমাত্র উপহার দিয়েছেন। তাতে এখন আমি পিতা। খুব টানাটানিতে আছি, কপর্দকশূন্য অবস্থা।'[৬] আর্থিক অভাব থাকলেও উভয়ের সম্পর্কে প্রেমের অভাব কোনো চিঠিতে পাওয়া যায় না। সন্তান জন্ম দেওয়ার পর স্ত্রীর শরীর খারাপ হওয়ায় কবি রেবেকাকে উত্তর ভারতে পাঠান তার স্বজনদের সঙ্গে। বিয়ের উনিশ মাস পর এই প্রথম দূরে থাকা, সঙ্গে সন্তানও। এইসময়ের বেদনা প্রকাশিত হয়েছে On the Departure of my Wife and Child to the Upper Provinces (Eurasian ০১/০৩/১৮৫০) কবিতায়—

My home is lonely — for I seek in vain
For them who made its star-light there's a cry
Of anguish fiercely wrung by untold pain
E'en from heart of heart's ! Hear it on high !

মনের চরম একাকিত্ব প্রকাশ পেলেও প্রশ্ন জাগে কবি নিজে কেন স্ত্রী-কন্যার সঙ্গে গেলেন না! স্কুল থেকে ছুটির অনুমতি পাননি, এটাই কি একমাত্র কারণ? যে বিরহ এবং শূন্যতা স্ত্রীর জন্য দেখিয়েছেন, তাতে অন্য ভাবনা মনে জায়গা নিতে চায় না। কিন্তু রেবেকাকে নিয়ে আর কোনো কথা কোনো লেখাতে কবি সামনের বছরগুলিতে আর বলেননি, আমরা জানতে পারি না রেবেকার সঙ্গে তার আগামী দিনের সম্পর্ক কেমন ছিল! ইতোমধ্যে চার সন্তান হয়েছে তাঁদের। কিন্তু সম্পর্ক যে কখন শেষের পথে চলে গেল, তা বোঝা যায় না কোনো লেখা থেকে। ৮ বছরের দাম্পত্য শেষ হয়, কবি যখন মাদ্রাজ ত্যাগ করে কলকাতায় ফিরে যান। সে এক গভীর রহস্য, কেন কবি রেবেকাকে ত্যাগ করে গেলেন? একটি চিঠিতে স্ত্রীকে 'মৃদুস্বভাবা' বলে উল্লেখ করেছিলেন। কবি তাঁর গোষাকে কিছু

Scanned with OKEN Scanner

নিবোধত

৩৭ বর্ষ * ৫ম সংখ্যা
জানুয়ারি-ফেব্রুয়ারি ২০২৪

Scanned with OKEN Scanner

Nivodhata Patrika: 9903491929
Email: nibodhatapatrika@gmail.com
Vol. 37, No. 5, January-February 2024
Publishing Date: 1 Jan 2024
ISSN 0972-4877
R.N.I. 44112/87



Printed and published by Pravrajika Aptakamaprana on behalf of the Board of Trustees of Sri Sarada Math, Dakshineswar, Kolkata-76. Printed at Swapna Printing Works Pvt. Ltd., Doltala, Doharia, P.O. Ganganagar, 24 Parganas (N), Kolkata 700132. Published from Sri Sarada Math, Dakshineswar, Kolkata-76. PRICE: Rs. 20

Scanned with OKEN Scanner

নিবোধত

৩৭ বর্ষ ● ৫ম সংখ্যা ● জানুয়ারি-ফেব্রুয়ারি ২০২৪

'যদ্ ভদ্রং তন্ন আ সুব'—যা কিছু কল্যাণকর ও শুভ তা-ই আমাদের নিকট উপস্থিত হোক।
(শুক্লযজুর্বেদসংহিতা, অধ্যায় ৩০, মন্ত্র ৩)

বিশেষ সংখ্যা : রামায়ণ

সূচিপত্র

অন্বেষা.....৪৮৩ পরিক্রমা.....৪৮৪

প্রসঙ্গ রামায়ণ * স্বামী সুহিতানন্দ.....৪৮৮

'জনমদুঃখিনী সীতা, রামময়জীবিতা সীতা' * স্বামী বলভদ্রানন্দ.....৪৯১

রামায়ণে বিভীষণ * প্রব্রাজিকা ভাস্বরপ্রাণা.....৪৯৬

মহাবীর-বিবেকানন্দ * প্রব্রাজিকা অতন্দ্রপ্রাণা.....৫২৩

নমো রামায় রামকৃষ্ণায় * অজয়কুমার ভট্টাচার্য.....৫০১

অমলচরিতা জনকদুহিতা * প্রব্রাজিকা বেদরূপপ্রাণা.....৫০৭

রামপ্রিয় রামানুজ * প্রব্রাজিকা সত্যময়প্রাণা.....৫১৫

বিবেকানন্দের রাম ও রামায়ণ ভাবনা : প্রসঙ্গ 'প্রাচ্য ও পাশ্চাত্য' * বিশ্বজিৎ রায়.....৫২৫

রামায়ণে নারী কূটনীতিবিদ : মন্থরা * পি. শাশ্বতী.....৫৩০

রামায়ণ মননে বিবেকানন্দ * অভিজিৎ মাইতি.....৫৩৯

রামায়ণে বিভিন্ন চেতনার ইঙ্গিত * রাজীব শ্রাবণ.....৫৪৭

রামায়ণে শরণাগতি সাধনা * বনানী বর্মন.....৫৫১

মহাবীরের মহাজীবন * প্রব্রাজিকা নির্বেদপ্রাণা.....৫৫৫

রাবণ : বাল্মীকি থেকে মধুসূদন, সৃষ্টির নানা দিক * কল্যাণ মুখার্জি.....৫৬২

শ্রীশ্রীরামকৃষ্ণকথামৃতে রামায়ণ প্রসঙ্গ * গৌরী ভৌমিক.....৫৭০

কবিতাঞ্জলি.....৫৩৫

সঙ্ঘসংবাদ.....৫৮৪

সম্পাদিকা : প্রব্রাজিকা আপ্তকামপ্রাণা **ব্যবস্থাপক সম্পাদিকা : প্রব্রাজিকা অতন্দ্রপ্রাণা**

দোলতলা, দোহারিয়া, পোঃ গঙ্গানগর, উঃ ২৪ পরগণা, কলকাতা-১৩২ স্থিত স্বপ্না প্রিন্টিং ওয়ার্কস প্রাঃ লিঃ থেকে শ্রীসারদা মঠ ট্রাস্টিদের পক্ষে প্রব্রাজিকা আপ্তকামপ্রাণা কর্তৃক মুদ্রিত ও শ্রীসারদা মঠ, দক্ষিণেশ্বর, কলকাতা-৭৬ থেকে প্রকাশিত। প্রতি সংখ্যার মূল্য : ২০ টাকা, বার্ষিক গ্রাহকমূল্য : ১২০ টাকা, সডাক : ১৮০ টাকা

Scanned with OKEN Scanner



রাবণ : বাল্মীকি থেকে মধুসূদন, সৃষ্টির নানা দিক

কল্যাণ মুখার্জি

আদিকবির আদি শ্লোকটি আমাদের কাছে অপরিচিত নয়। তমসা নদীর তীরে দুটি কোঁচ বক—ক্রৌঞ্চমিথুন বিহার করার সময় এক ব্যাধ এসে তাদের একটিকে হত্যা করে। তার সঙ্গী তার জন্য অত্যন্ত করুণস্বরে কাঁদতে থাকে। ঋষি বাল্মীকি এই ঘটনা দেখে কাতর হয়ে বলেন, "মা নিষাদ প্রতিষ্ঠাং ত্বমগমঃ শাশ্বতীঃ সমাঃ।/ যৎ ক্রৌঞ্চমিথুনাদেকমবধীঃ কামমোহিতম্ (২।১৫)।" —ওরে ব্যাধ, তুই কোনওদিন সংসারে প্রতিষ্ঠা পাবি না, কারণ ক্রৌঞ্চমিথুনের একটিকে তুই কামমোহিত অবস্থায় বধ করেছিস।

শোকের আবেগে সৃষ্ট এই শ্লোকই আদি শ্লোক। বকদুটিকে যদি রামসীতার প্রতীক বলে ধরা যায়, তাহলে তাদের বিচ্ছিন্ন করল ব্যাধ তথা রাবণ। এ-শ্লোকেই যেন সমগ্র রামায়ণের কাহিনির সারাৎসার লুকিয়ে আছে। রবীন্দ্রনাথ লিখেছেন, "ক্রৌঞ্চবিরহীর শোকার্ত ক্রন্দন রামায়ণকথার মর্মস্থলে ধ্বনিত হইতেছে। রাবণও ব্যাধের মতো প্রেমিকযুগলকে বিচ্ছিন্ন করিয়া দিয়াছে, লঙ্কাকাণ্ডের যুদ্ধব্যাপার উন্মত্ত বিরহীর পাখার ঝটপটি। রাবণ যে বিচ্ছেদ ঘটাইয়া দিল মৃত্যুবিচ্ছেদের অপেক্ষাও তাহা ভয়ানক। মিলনের পরেও এ বিচ্ছেদের প্রতিকার হইল না।"[১]

বিপরীত দিক থেকে ভাবা যাক। রাবণ চরিত্রটি না থাকলে রামায়ণ কেমন লাগবে? রামায়ণের কোনও আকর্ষণ আমরা কি আদৌ অনুভব করব? বালকাণ্ড আর অযোধ্যাকাণ্ডের পর কাহিনি এগোবে কী করে! রাবণ ছাড়া রামায়ণ কল্পনা করাও অসম্ভব। সহস্র ভক্তের মধ্যে প্রহ্লাদের নাম কে জানত যদি না হিরণ্যকশিপু থাকত, দেবী দুর্গার মাহাত্ম্য কীভাবে বর্ণিত হত যদি না মহিষাসুর থাকত! তাই রামের আগেই রাবণকে সৃষ্টি করা প্রয়োজন। বাল্মীকি রামায়ণে অরণ্যকাণ্ডের একত্রিশ-তম সর্গে আমরা প্রথম রাবণকে দেখতে পাই। অকম্পন নামে এক রাক্ষস লঙ্কায় গিয়ে রাবণকে জানায়, রাম-লক্ষ্মণ বধ করেছে খর-দূষণ সহ অন্যান্য রাক্ষসকে, তাই রামকে শাস্তি দেওয়ার উপায় তার পত্নী সীতাকে হরণ করা। এরপর শূর্পণখাও রাম সম্পর্কে অভিযোগ করে এবং সীতাহরণে রাবণকে প্রলুব্ধ করে। অরণ্যকাণ্ডে এভাবে রাবণকে হঠাৎ দেখার আগে রাবণ কীভাবে দশগ্রীব থেকে রাবণ হয়ে উঠলেন তা দেখে নেওয়া প্রয়োজন।

রাবণের মাতামহ ছিলেন সুমালী রাক্ষস। ব্রহ্মার মানসপুত্র পুলস্ত্যের পুত্র ছিলেন বিশ্রবা। বিশ্রবার পুত্র বৈশ্রবণ কুবের। তপস্যার জোরে তিনি ধনাধিপতি কুবের হিসাবে পরিচিত হন এবং ব্রহ্মার কাছ থেকে পুষ্পক রথ অর্জন করেন। ব্রহ্মা তাঁকে প্রাণিশূন্য সুন্দর লঙ্কা নগরীতে বাস করতে বলেন। সুমালী একদিন তাঁর রূপবতী কন্যা কৈকসী বা নিকষাকে নিয়ে ভ্রমণকালে পুষ্পকারোহী কুবেরকে দেখে মোহিত হলেন। কুবেরের মতো সর্বগুণান্বিত এক দৌহিত্র পাওয়ার বাসনা হল তাঁর। কৈকসী পিতার আদেশে এক সন্ধ্যায় মহর্ষি বিশ্রবার কাছে গিয়ে পুত্রসন্তান প্রার্থনা করলেন। বিশ্রবা রাজি হলেও জানালেন, যে-সময়ে তিনি সন্তান প্রার্থনা করেছেন তা অত্যন্ত অশুভ। তাই পুত্রের চেহারা হবে ভয়ানক। কৈকসীর পুত্রের দশটা মাথা, কুড়িটা হাত, গায়ের রং নীলাভ কালো। দশটি মাথা বলে তার নাম হল দশগ্রীব—"দশগ্রীবঃ প্রসূতোঽয়ং দশগ্রীবো ভবিষ্যতি॥" (উত্তরকাণ্ড, ৯।৩৩)

আসলে রাবণ সাধারণ বীর বা রাক্ষস হলে তাঁকে বধ করে রামের মহিমা প্রমাণ করা সম্ভব হত না। তাই রাবণকে এমন ভীষণ করে গড়ে তোলা হয়েছে—মানুষ বুঝেছে রাম যাকে তাকে হারাননি, একেবারে দশ মাথা কুড়ি হাতের রাক্ষসকে সংহার করেছেন। কিন্তু আদৌ রাবণের তা ছিল কী না তা প্রশ্নাতীত নয়। কারণ রাবণের মৃত্যুর সময় দেখা যায় বিভীষণ তাঁর মাথাটি, হাত দুটি দেখে কাঁদছেন (যুদ্ধকাণ্ড, ১০৯।৩)। মুকুটে একবচন এবং বাহুতে দ্বিবচনের প্রয়োগ এখানে দশ মাথা বা কুড়ি হাতকে বোঝায় না। বাল্মীকির রামায়ণে অবশ্য দশ মাথা কুড়ি হাতের উল্লেখও আছে (অরণ্যকাণ্ড, ৪৯।৮)। হনুমান রাবণের অন্তঃপুরে ঢুকে রাবণকে কুড়িটা হাত ছড়িয়ে শুয়ে থাকতে দেখেননি (সুন্দরকাণ্ড, ১০।১৫)। কিন্তু কৃত্তিবাসী রামায়ণে হনুমান দেখেন—"কুড়ি চক্ষু বুজি নিদ্রা যায় লঙ্কেশ্বর।"

রাবণ তাঁর মা কৈকসীর কাছে জানতে পারেন তাঁরই বৈমাত্রেয় ভাই কুবের অতুল ঐশ্বর্যের অধিকারী, সমগ্র লঙ্কা নগরী তাঁর, পুষ্পক রথের প্রভুও তিনি। দশগ্রীব আর কুবের একই পিতার সন্তান। জন্মাবধি দশগ্রীব দৈহিক ও মানসিকভাবে অসীম শক্তিশালী। কুবেরের প্রতি ঈর্ষায় তিনি মায়ের কাছে প্রতিজ্ঞা করেন, শক্তিতে দাপটে তিনি কুবেরকে অতিক্রম করে যাবেন। মায়ের কাছে তিনি জানতে পারেন লঙ্কাপুরী একসময় তাঁদেরই ছিল, অত্যাচারী হওয়ায় বিষ্ণু তাঁদের সেখান থেকে তাড়িয়ে দেন। দশগ্রীব লঙ্কাপুরী পুনরায় উদ্ধার করার কথা মাকে জানান—"রাবণ বলে মা তুমি না কর বিষাদ,/ লঙ্কাপুরী জিন্যা লব তপের প্রসাদ॥" (কৃত্তিবাসী রামায়ণ, উত্তরকাণ্ড) সেকালে বললাভের একমাত্র উপায় ছিল কঠিন তপস্যা। দশগ্রীব বেদজ্ঞ ব্রাহ্মণ ছিলেন, তপস্যায় তাঁর অসীম নিষ্ঠা। গোকর্ণ পর্বতে গিয়ে তিনি তপস্যা করলেন দশ হাজার বছর। প্রতি একহাজার বছর অন্তর তিনি নিজের একটি করে মাথা কেটে দেন—"দশ হাজার বৎসর তপ করিল রাবণে।/ নয় মাথা কাটিয়া তপ কৈল দশাননে॥" (পূর্বোক্ত) এভাবে দশম মাথাটি কাটতে যাওয়ার সময় ব্রহ্মা এসে তাঁকে বর প্রার্থনা করতে বলেন। তাঁর প্রার্থনামতো অমরত্ব বর দিতে ব্রহ্মা অস্বীকার করলে রাবণ এই বর লাভ করেন যে, দেব-দৈত্য-পক্ষী-গন্ধর্ব-যক্ষ থেকে তাঁর মৃত্যু হবে না। নর-বানর তাঁর কাছে নগণ্য। তাই তাদের হাতে মৃত্যু না হওয়ার কথা তিনি প্রার্থনাতেই আনেননি। তাদের তিনি তৃণজ্ঞান করতেন—"তৃণভূতা হি তে মন্যে প্রাণিনো মানুষাদয়ঃ (উত্তরকাণ্ড, ১০।২০)।" ব্রহ্মা তাঁর প্রার্থনায় সম্মত হন এবং আরও বলেন, দশগ্রীব ইচ্ছামতো রূপ ধারণ করতে পারবেন (পূর্বোক্ত, ১০।২৫)।

সহকারী অধ্যাপক, মেজিয়া সরকারি কলেজ, বাঁকুড়া

Scanned with OKEN Scanner

ব্রহ্মার বরে অজেয় হয়ে দশগ্রীব ফিরে এসে প্রথমেই কর্তব্য পালন করে বোন শূর্পণখার বিবাহ দিলেন। দশগ্রীব মৃগয়ায় গিয়ে ময়দানবের কন্যা মন্দোদরীকে বিবাহ করেন। নিজের বংশপরিচয় গর্বিত দশগ্রীব ময়দানবকে নিজ পরিচয় দেন ঋষি পুলস্ত্যের নাতি হিসাবে—"অহং পৌলস্ত্যতনয়ো দশগ্রীবশ্চ নামতঃ।" মাকে কী কথা দিয়েছিলেন তা মনে থাকলেও প্রথমেই কুবেরকে তিনি লঙ্কাচ্যুত করতে চাননি। বাল্মীকি দেখাচ্ছেন সুমালীর পরামর্শ সত্ত্বেও তিনি তা করেননি। কিন্তু আবার মাতুল প্রহস্ত একই কথা বললে তিনি লঙ্কা অধিকারের কথা ভাবলেন। ভদ্র বিনয়ী মহাজ্ঞানী কুবের দশগ্রীবকে লঙ্কার অধিকার ছেড়ে দিয়ে কৈলাসে বাস করতে গেলেন। কিন্তু সেখানে গিয়েও ভাইয়ের হাত থেকে তিনি নিস্তার পেলেন না তাঁর পুষ্পক রথটির জন্য। ব্রহ্মা প্রদত্ত পুষ্পক বিমানটির প্রতি দশগ্রীবের ছিল লোলুপ দৃষ্টি। তাই কৈলাসে গিয়ে কুবেরকে যুদ্ধে পরাজিত করে তিনি পুষ্পক হস্তগত করলেন। পুষ্পককে নিজের ইচ্ছামতো চালিয়ে তিনি যেদিকে খুশি যেতে চাইলেন। কিন্তু রথ থেমে গেল কৈলাসের শরবনে। মহাদেবের অনুচর নন্দী তাকে সেখান থেকে ফিরে যেতে বললে দশগ্রীব নন্দীর বানরের মতো মুখ দেখে অবজ্ঞায় অট্টহাস্য করেন। নন্দী অভিশাপ দেন, ভবিষ্যতে এই বানরের হাতেই রাবণের বিনাশ হবে। দশগ্রীব নন্দীকে অগ্রাহ্য করে হাতে করে কৈলাস পর্বত তুলে ফেলতে চাইলেন, মহাদেব তখন পায়ের বুড়ো আঙুল দিয়ে চেপে ধরলেন কৈলাস। সেই চাপে দশগ্রীবের হাত দুটি চাপা পড়ে গেল, তিনি চিৎকার করে উঠলেন। তাঁর প্রচণ্ড রবে সারা বিশ্ব রাবিত (শব্দে কম্পিত) হল। মহাদেবকে তুষ্ট করার জন্য দশগ্রীব শুরু করলেন সামগান। সুদীর্ঘকাল ধরে তাঁর সামগান ও স্তবে তুষ্ট হয়েছিলেন মহাদেব। সেটিই 'শিবতাণ্ডবস্তোত্র' নামে পরিচিত। সন্তুষ্ট মহাদেব মুক্ত করে দিলেন দশগ্রীবের দুহাত। পর্বতের চাপে তাঁর ভয়ানক রবের জন্য মহাদেব দশগ্রীবের নাম দিলেন 'রাবণ'।

ভাষাতত্ত্বের দিক থেকেও এই নামের একটা ব্যাখ্যা আছে। নৃসিংহপ্রসাদ ভাদুড়ীর বই থেকে জানা যায়, প্রাচ্যবিদ্যা বিশারদ ওয়ালটার রুবেন ১৯৩৯ সালে দেখান যে 'রাবণ' শব্দটি সংস্কৃত নয়। এটি ওঁরাও ভাষায় ব্যবহৃত হত। সেই ভাষায় 'রাওণ' শব্দের অর্থ বৃহদাকার শকুন জাতীয় পাখি যাকে আমরা গৃধ্র বলি। লোভ এবং গৃধ্নুতার জন্য শকুনকে বলা হয় গৃধ্র। ওঁরাও তথা আসুরী ভাষায় 'রাওণ' শব্দের মধ্যে শকুনের বৃহত্ত্ব ও গৃধ্নুতার অভিসন্ধিটুকু আছে বলেই লঙ্কেশ্বর দশগ্রীবের উপর রাবণ উপাধিটি চেপে বসেছে।[২]

ক্রমে একের পর এক রাজ্য জয় করে সম্পদ ও পরস্ত্রীহরণ রাবণের নেশা হয়ে উঠল। লোভ ও কামরিপু তাঁর মধ্যে বৃদ্ধি পেতে থাকল। সঙ্গে অহংকার। তাই এই সময়ে বেশ কিছু অভিশাপ কুড়োতে হয়েছিল তাঁকে। বিষ্ণুকে পতিরূপে লাভ করার জন্য তপস্যারত বেদবতীকে রাবণ হরণ করতে চান। বেদবতী আগুনে আত্মাহুতি দেওয়ার আগে রাবণকে অভিশাপ দিয়ে যান, পরজন্মে তিনি সীতা হয়ে জন্মে রাবণের ধ্বংসের কারণ হবেন (উত্তরকাণ্ড, ১৭)। ইক্ষ্বাকুবংশীয় রাজা অনরণ্য রাবণের কাছে যুদ্ধে কুৎসিতভাবে পরাস্ত হয়ে অভিশাপ দেন, তাঁরই বংশের রামের হাতে রাবণের পরাজয় ও নিধন হবে (পূর্বোক্ত, ১৯)। অপ্সরা রম্ভা বাগ্‌দত্তা ছিলেন কুবেরপুত্র নলকুবেরের কাছে। এক জ্যোৎস্নারাত্রে রাবণ তাঁর উপর বলপ্রয়োগ করলে নলকুবের রাবণকে শাপ দেন, ভবিষ্যতে কোনও নারীর উপর অত্যাচার করলে রাবণের মাথা সাত খণ্ডে বিভক্ত হয়ে যাবে (পূর্বোক্ত, ২৬)। রাবণ অপ্সরা পুঞ্জিকস্থলাকেও অপমান করলে ব্রহ্মা রাবণকে অভিশাপ দেন, ভবিষ্যতে কোনও নারীর ইচ্ছার বিরুদ্ধে তার উপর বলপ্রয়োগ করলে

রাবণের মাথা শতধা বিদীর্ণ হবে (যুদ্ধকাণ্ড, ১১-১৪)। এত অভিশাপ সত্ত্বেও রাবণ বিরত হননি।

অপহৃতারা সবাই যে তাঁর প্রতি আজীবন বিরূপ হয়েই ছিলেন এমনটাও নয়। তাঁর পৌরুষ, বিশালত্ব, বীরত্ব ও স্নেহে তাঁরা ধীরে ধীরে মুগ্ধ হয়েছিলেন পরবর্তী কালে। মন্দোদরী ছাড়াও রাজর্ষি, ব্রাহ্মণ, দৈত্য, গন্ধর্ব, রাক্ষসের কন্যারা তাঁর স্ত্রী ছিলেন। অপহৃতা হয়ে দীর্ঘদিন রাবণের কাছে থাকার ফলে বিলাসে তাঁরা অভ্যস্ত হয়েছিলেন। হনুমান রাবণের অন্তঃপুরে ঢুকে রমণীদের চোখে মুখে এই তৃপ্তির ছায়া দেখেন। বাল্মীকি আরও লিখেছেন, 'ন চান্যকামাপি ন চান্যপূর্বা বিনা বরার্হাং জনকাত্মজাং তু' (সুন্দরকাণ্ড, ৯।৭০)। অর্থাৎ সীতা ব্যতীত অন্যের গৃহীতা কোনও নারী রাবণ কর্তৃক অপহৃতা হননি। তাহলে দেখা যাচ্ছে অন্যের স্ত্রীকে জোর করে নিয়ে আসার বিষয়টি প্রশ্নাতীত নয়।

রাবণের পরাজয়ের আভাস আগেই পাওয়া গিয়েছিল। দিগ্বিজয়ের পরেও রাবণ পরাজিত হয়েছিলেন দুটি ক্ষেত্রে। কিষ্কিন্ধ্যারাজ বালীকে আক্রমণ করতে গেলে বালী তাঁকে বগলে ভরে নিয়ে প্রাণ ওষ্ঠাগত করে দেন। এছাড়া মাহিষ্মতী পুরীর হৈহয়বংশীয় রাজা কার্তবীর্যার্জুনের কাছে তিনি যুদ্ধে বিজিত হন এবং বন্দি হন। মহর্ষি পুলস্ত্য কার্তবীর্যার্জুনকে নাতির মুক্তির জন্য অনুরোধ করলে রাবণ মুক্তি পান। দুই ক্ষেত্রেই রাবণ তাঁদের শ্রেষ্ঠত্ব স্বীকার করে সখ্য স্থাপন করেন। বিজয়ীর শ্রেষ্ঠত্ব স্বীকার করা মহৎ গুণ। রাবণের তখনই সচেতন হওয়া প্রয়োজন ছিল যে, অজেয় তাঁকে একটা মানুষ আর একটা বানর হারিয়ে দিল। অবশ্য আপন মেজাজে চলা আর কোনও কিছুকে গ্রাহ্য না করাই তো রাবণোচিত স্বভাব।

রাবণের নারীর প্রতি মনোভাব জানত সকলেই। তাই প্রথমে অকম্পন তাঁকে সীতাহরণের প্ররোচনা দেয়। রাবণ মারীচের কাছে গেলে মারীচ রামের শ্রেষ্ঠত্বের কথা বুঝিয়ে তাঁকে বিরত করে। দ্বিতীয়বার শূর্পণখা নিজের অপমানের কথা বলে সীতাহরণ করার জন্য সীতার রূপের বর্ণনা দিয়ে রাবণকে উত্তেজিত করে। এবার আর মারীচ তাঁকে নিবৃত্ত করতে পারেনি। বরং রাবণ তাকে ভয় দেখান, মারীচ সীতাহরণে সাহায্য না করলে তিনিই তাকে হত্যা করবেন। অগত্যা সোনার হরিণ হয়ে মারীচ সীতার কাছে যায়।

সোনার প্রতি এই আগ্রহকেই রবীন্দ্রনাথ তাঁর 'রক্তকরবী' নাটকে নতুনভাবে দেখিয়েছেন। রাবণের শক্তি আর দাপটের উৎস হচ্ছে সোনা। সেই সোনার মায়াতেই তিনি সীতাকে বিভ্রান্ত করে বশ করতে চেয়েছেন। সোনার প্রতি মায়া বা মরীচিকা যে সৃষ্টি করে সে মারীচ। একদিকে কর্ষণজীবী বা কৃষিসভ্যতার প্রতীক রামসীতা, আর একদিকে সোনা দিয়ে আকর্ষণ করানো আকর্ষণজীবী সভ্যতার প্রতীক রাবণ ও রক্ষঃপুরী। কৃষিসভ্যতা ধীরে ধীরে বশ্যতা স্বীকার করছে বস্তুবিশ্বের কাছে। রবীন্দ্রনাথ তাই বাল্মীকির রামায়ণের প্রাসঙ্গিকতা স্বীকার করে লিখেছেন, কৃষি যে দানবীয় লোভের টানেই আত্মবিস্মৃত হচ্ছে, ত্রেতাযুগে তারই বৃত্তান্তটি গা-ঢাকা দিয়ে বলবার জন্য সোনার মায়ামৃগের বর্ণনা আছে। আজকের দিনের রাক্ষসের মায়ামৃগের লোভেই তো আজকের দিনের সীতা তার হাতে ধরা পড়ছে।[৩] বাল্মীকির সীতাও তাই পড়েছেন। সীতাকে একা পেয়ে তপস্বীর বেশে রাবণ সীতার কাছে যান এবং মুগ্ধ হন। তিনি সীতার কাছে নিজমুখে স্বীকার করেন, বহু দেশ থেকে বহুরকম নারী তিনি হরণ করে এনেছেন, কিন্তু সীতাকে দেখে তাঁর অন্য পত্নীদের প্রতি আর কোনও মোহ নেই। তাঁর বাসনা, সীতা হবেন তাঁর প্রধানা মহিষী। দেবতা-দৈত্যদের কীভাবে তিনি হারিয়েছেন সেকথা ক্রমাগত বলে সীতাকে তিনি প্রভাবিত করতে চেয়েছেন। তাঁকে বিবাহ করলেই একমাত্র সীতা অযুত সুখে নিশ্চিন্ত

Scanned with OKEN Scanner

জীবন কাটাতে পারবেন। রাবণই তাঁর স্বামী হিসাবে একমাত্র যোগ্য—'অহং শ্লাঘ্যঃ পতিস্তব'। সীতাকে দেখে মুগ্ধ হয়েছিলেন বলেই রাবণ এত কথা বলেন, নইলে শুধু বোনের অপমানের প্রতিশোধ নিতে চাইলে এসে তৎক্ষণাৎ সীতাকে তুলে নিয়ে গেলেই হত। সেটা রাবণ করেননি।

সীতা যখন কোনওভাবেই রাজি হলেন না, তখন তিনি বাঁ হাতে সীতার কেশ ধরে ডান হাতের উপর শুইয়ে ফেলে তাঁকে পুষ্পক রথে তুললেন। কৃত্তিবাসী রামায়ণে লক্ষ্মণের কেটে-দেওয়া গণ্ডির কথা থাকলেও বাল্মীকি রামায়ণে গণ্ডির কথা নেই। তুলসীদাসের রামায়ণে অরণ্যকাণ্ডে গণ্ডির প্রসঙ্গ নেই, কিন্তু লঙ্কাকাণ্ডে মন্দোদরীর সঙ্গে রাবণের কথোপকথনে গণ্ডির উল্লেখ আছে। সীতাকে নিয়ে স্বর্ণলঙ্কায় নিজ বাসভবনের একটি বিলাসবহুল কক্ষে এলেন রাবণ। যদি কেউ সীতার কোনও অসুবিধার সৃষ্টি করে তাহলে তাকে তিনি বধ করবেন, জানিয়ে চলে গেলেন। সীতার কাছে তাঁর রাক্ষসসত্তা কিছুটা হলেও প্রচ্ছন্ন, প্রেমপূর্ণ সত্তা যেন উঁকি দেয়। সীতা তাঁর মন হরণ করেছেন—'মনো হরসি মে রামে নদীকূলমিবাম্ভসা' (অরণ্যকাণ্ড, ৪৬।২১)—নদীর তরঙ্গ যেমন তীরকে ভাসিয়ে দেয়, তেমনই তুমি আমার মনোহরণ করেছ, মন ভাসিয়ে দিয়েছ। বারে বারে তাঁর আত্মনিবেদনের ভঙ্গি দেখিয়েছেন বাল্মীকি। এ কি শুধুই বোনের অপমানের প্রতিশোধ বা প্রতিহিংসা হতে পারে? সীতা ক্রমাগত রাবণকে কটুবাক্যে অপমান করে গেলেও তিনি তা গ্রাহ্য করেননি, ক্রোধ সংযত করে ধৈর্য ধরেছেন।

বহু বুঝিয়েও যখন ফল হল না, তখন সীতাকে অশোকবনে নিয়ে যাওয়ার আদেশ দিলেন রাবণ। রাক্ষসীদের আদেশ দিলেন, যেকোনও প্রকারে সীতাকে বুঝিয়ে শুনিয়ে যেন রাবণের প্রতি অনুরক্ত করে তোলা হয়। ভাবলেন ভয় দেখালে ফল হবে। তাই জানালেন, যদি একবছরের মধ্যে সীতা বিবাহে রাজি না হন, তাহলে সীতাকে টুকরো টুকরো করে তিনি প্রাতরাশ সারবেন। এখানে ভেবে দেখার অবকাশ আছে, যে-রাবণের অন্যকে জোর করাই স্বভাব, অন্যের ইচ্ছার পরোয়া না করে নিজের বাসনা চরিতার্থ করাই স্বভাব, সেই রাবণ সীতার জন্য এতদিন ধরে অপেক্ষা করছেন—শুধু কবে সীতার মন তাঁর প্রতি প্রসন্ন হবে সেজন্য। তিনি বলেছেন, সীতা তাঁর পরম কামনার ধন হলেও সীতা না চাইলে তিনি তাঁকে স্পর্শ করবেন না। তাঁর কামনা তাঁর মধ্যেই থাকুক, সীতা চলুন নিজের ইচ্ছামতো—"এবং চৈবমকামাং ত্বাং ন চ স্প্রক্ষ্যামি মৈথিলি" (সুন্দরকাণ্ড, ২০।৬)। পণ্ডিতেরা তাই বলেন, "রাবণের কামনা বাধাপ্রাপ্ত হলেও সেখানে ক্রোধের সৃষ্টি হচ্ছে না। সীতার প্রতি স্নেহ এবং দয়া আরও বাড়ছে। অন্তত রাবণ তাই বলছেন। তা হলে কি এটা শুধু কাম না অন্য কিছু।"[৪]

এমনও হতে পারে এ রাবণের কূটনৈতিক রাষ্ট্রনীতি—রাম এসে যদি দেখেন সীতা রাবণের প্রতি অনুরক্ত তাহলে রাম এমনিতেই পরাজিত হলেন। রাবণ বলেছেন, সীতার মতো দ্বিতীয় কাউকে তিনি ত্রিভুবনে দেখেননি, সীতা একেবারেই স্বতন্ত্র, অতুলনীয়া—'ত্রিষু লোকেষু চান্যা মে ন সীতা সদৃশী তথা' (যুদ্ধকাণ্ড, ১২।১৩)। সীতার কথা ভাবতে ভাবতে তিনি শোকে অধীর। এতদিন ধরে সীতার করুণা প্রার্থনা করতে করতে তিনি অবসন্ন, ক্লান্ত। শ্রান্ত অশ্বের সঙ্গে নিজেকে তুলনা করেছেন—'শ্রান্তোঽহং সততং কামাদ্ যাতো হয় ইবাধ্বনি' (পূর্বোক্ত, ১২।২০)। এ কি আশ্চর্য নয়? নারীর জন্য অপেক্ষা করে করে ক্লান্ত, ইনি কোন রাবণ! বলা যেতে পারে, রাবণের মনে ছিল পূর্ববর্তী অভিশাপ। কিন্তু যদি বিপরীতটা ভাবা হয়? রাবণ অন্যান্য ক্ষেত্রে যা করতে অভ্যস্ত তা সীতার ক্ষেত্রে করতে তাঁর প্রবৃত্তি হচ্ছে না, সেইজন্যই অভিশাপের

অবতারণা কি? রাক্ষসের মধ্যে প্রেম থাকতে পারে না, এটি প্রতিষ্ঠিত করাই কি উদ্দেশ্য ছিল? রামের সঙ্গে ভয়ানক যুদ্ধে যাওয়ার আগেও তাঁর মনে ভেসে ওঠে সীতার ছবি, ইচ্ছা করে একবার সীতাকে দেখে আসতে। নিশ্চিত বলা যায়, শূর্পণখার অপমানের প্রতিশোধ নেওয়ার ভাবনা চাপা পড়ে গিয়েছিল মনের এই আলোড়নের কাছে। সীতার কাছে তাঁর বীরত্ব, প্রভুত্ব, অহংকার সব লুটিয়ে পড়েছে। কাজি নজরুল যথার্থই রাবণের উক্তি রচনা করেছেন : "হে মোর রাণী, তোমার কাছে হার মানি আজ শেষে।/ আমার বিজয়কেতন লুটায় তোমার চরণতলে এসে।" স্বয়ং বাল্মীকি রাবণের এই সমর্পণ দেখাচ্ছেন।

একদিকে হৃদয় অন্যদিকে মস্তিষ্ক। আকাঙ্ক্ষার ধনের কাছে পরাভব মেনে নিলেও মনে রাখতে হবে তিনি লঙ্কেশ্বর রাবণ। তাই রামের কাছে হার মানতে পারেন না তিনি। স্ত্রী মন্দোদরী তাঁকে বারবার বুঝিয়েছেন—রাম অপরাজেয়, সীতাকে ফিরিয়ে দিন, সন্ধি করুন। মাতা কৈকসী, বৃদ্ধ মন্ত্রী মাল্যবান তাঁকে বোঝান রামের সঙ্গে সন্ধি করে নিতে। এও বোঝান, রাম এবং বানরের দল দেবতা, যক্ষ বা রক্ষ নয়, তাঁকে তারা বধ করতে পারে রাবণের প্রাপ্ত বরের বাইরে গিয়ে। কিন্তু রাবণ তো রাবণই। শত্রুর কাছে পরাজয় স্বীকার করা তার স্বভাবে নেই। তাই বৃদ্ধ মাল্যবানকে বলেছেন, তিনি দুখণ্ডে ভেঙে পড়বেন তাও ঠিক আছে, কিন্তু কোনওভাবেই মাথা নত করবেন না—"দ্বিধা ভজ্যেয়মপ্যেবং ন নমেয়ন্তু কস্যচিৎ" (যুদ্ধকাণ্ড, ৩৬।১১) কারও কাছে নত হতে তিনি শেখেননি, এই তাঁর আজন্ম স্বভাব, এই স্বভাবকে তিনি অতিক্রম করতে পারবেন না—"এষ মে সহজো দোষঃ স্বভাবো দুরতিক্রমঃ" (পূর্বোক্ত)। তবে দুশ্চিন্তা তাঁরও হচ্ছে। হনুমান এসে লেজের আগুনে অনেক ক্ষতি করে গেছে, অঙ্গদ রাবণের প্রাসাদশিখর ভেঙে দিয়ে গেছে, কিছুই করতে পারেননি তিনি। একে একে সব আত্মীয়, ভ্রাতা, পুত্র সবাই রামের হাতে নিহত হয়েছে। মাঝে মাঝে আফসোস হচ্ছে ব্রহ্মার বরদানের সময় মানুষের কথাটা বললেও হত, বিভীষণের কথাটা শুনলেও হত। একের পর এক মৃত্যুতে তিনি মাঝে মাঝে আত্মবিশ্বাস হারিয়ে ফেলছেন, সীতাকেও হত্যা করতে যাচ্ছেন। কিন্তু যে-প্রবাদবাক্যটি আছে—'অতিদর্পে হতা লঙ্কা', সেটি সম্পূর্ণ সত্য হয়ে উঠেছে। তিনি কখনও হারতে পারেন না—এই বোধ থেকেই প্রবল অহংকার তাকে গ্রাস করেছে।

সবশেষে এল রাবণের বিনাশকাল। রাবণকে হত্যা করতে গিয়ে রাম ক্লান্ত হয়ে পড়েন। যতবার তাঁর মাথা কাটেন ততবার তাঁর নতুন মাথা বের হয়। কিছুতে যখন উপায় খুঁজে পাচ্ছেন না, তখন সারথি মাতলির পরামর্শে তিনি ব্রহ্মাস্ত্র প্রয়োগ করলেন। সেই অস্ত্রেই রাবণের মৃত্যু হল। শারীরিক মৃত্যু না হওয়া পর্যন্ত রাবণের মানসিক পরাজয় এক মুহূর্তের জন্যও হয়নি। কৃত্তিবাস তাঁর রাবণের মধ্যে এমন কাঠিন্য দেখাননি, এমন মৃত্যু দেখাননি। কৃত্তিবাসের রাম স্বয়ং নারায়ণ, মানুষ নন। তাই রামের হাতে ব্রহ্মাস্ত্র দেখে রাবণ ভয় পেয়ে তাঁর চরণে শরণ নেন। রাবণ কাতর হয়ে জানান—

"বৈকুণ্ঠের নাথ তুমি দেব অবতার।
আমি সেবক গোসাঞি দুয়ারে তোমার॥...
লক্ষ্মী ঠাকুরাণি সীতা তাহা আমি জানি।
সীতা আনি দীন প্রাণ রাখ চক্রপাণি॥
পরম দয়ালু তুমি অনাথের গতি।
তোমার চরণ বিনে অন্য নাহি মতি॥"

এই কথা বলে রাবণ সীতাকে ফিরিয়ে দেওয়ার জন্য আনতে যান, কিন্তু দেবতাদের চেষ্টায় উন্মাদ বায়ু তাঁর মধ্যে প্রবেশ করে এবং পুনরায় রামকে আক্রমণ করতে এলে রাম তাঁকে ব্রহ্মাস্ত্র দিয়ে হত্যা করেন। বাল্মীকির রাবণের যাবতীয় তেজ-গর্ব ভূলুণ্ঠিত করেছেন কৃত্তিবাস। তুলসীদাস তাঁর

Scanned with OKEN Scanner

রামচরিতমানসে কৃত্তিবাসের মতোই রামকে অবতার আর রাবণকে শত্রু হয়ে ভজনাকারী উদ্ধারপ্রার্থী হিসাবেই দেখিয়েছেন। রামচরিতমানসের অরণ্যকাণ্ডে রাবণ বলেন,

"সুরঞ্জন ভঞ্জন মহিভারা।
জৌ ভগবন্ত লীহন অবতারা॥
তৌ মে জাই বয়রু হঠি করউ।
প্রভুসর প্রান তজে ভব তরউঁ॥"

—দেবতাদের আনন্দদায়ক ও পৃথিবীর ভারহরণকারী জগদীশ্বর যদি অবতার হয়েও এসে থাকেন, তাহলেও আমি শত্রুতাই করব, প্রভুর হাতে মরে ভবসাগর উত্তীর্ণ হব।[৫] তুলসীদাস তাঁর গ্রন্থে রামকে সূর্য, সিংহ হিসাবে একাধিকবার দেখিয়েছেন; আর রাবণ সম্পর্কে জোনাকি, শশক, ভেক, শৃগাল, কুকুরের মতো নিকৃষ্ট উপমা ব্যবহার করেছেন। অবশ্য অঙ্গদের চোখ দিয়ে রাবণের বিশালত্বকেও তিনি দেখিয়েছেন। লঙ্কাকাণ্ডে দেখি, রাবণের হাতগুলি যেন গাছ, মাথা যেন পর্বতশৃঙ্গ, রোম যেন অনেকগুলি লতা, মুখ নাক চোখ কান যেন পর্বতের গহ্বর ও খাদ। এই বিশালত্ব দেখানোর পরেও অঙ্গদ রাবণকে সম্বোধন করে বিপথগামী, স্ত্রীচোর, খল, মলিনতাপুঞ্জ, দুর্বুদ্ধি, কামাতুর ও নরখাদক হিসাবে। এই বিশেষণগুলি দিয়েই সাধারণ পাঠক রাবণকে বিশ্লেষণ করতে অভ্যস্ত। এই বিশেষণ রাবণের সম্পর্কে প্রযোজ্যও। তুলসীদাস দেখিয়েছেন যে, রাম বনবাসী তপস্বী, অন্যদিকে রাবণ অযুত ঐশ্বর্যের মালিক। তবু বানরসেনা নিয়েই অহংকারী শক্তিশালী রাক্ষসসেনাকে রাম বধ করেছেন। অর্থাৎ অহিংসা দিয়েও হিংসাকে জয় করা যায়। আসলে বাল্মীকির রাম-রাবণ মানুষ ছিলেন। প্রাচীন সাহিত্যের 'রামায়ণ' প্রবন্ধে রবীন্দ্রনাথ সেই দিকটির কথা উল্লেখ করেন। হেমচন্দ্র বিদ্যারত্ন তাঁর বাল্মীকি রামায়ণের অনুবাদে মানবকাহিনির সেই একই রূপ হুবহু ধরে রেখেছেন। রাজশেখর বসুর সারানুবাদও তার ব্যতিক্রম নয়। কিন্তু কৃত্তিবাস তাকে নিজের মতো করে ভক্তিরসে পরিবর্তন ঘটান। তুলসীদাসও তাঁর গ্রন্থে মানুষের কথা বলেননি, বলেছেন দেবতার কথা। তাঁরা দুজনেই ভক্তিরসে সিক্ত করেছেন কাব্য, মানবরসে নয়। তাই বীর্যবান রাবণ সেখানে প্রচ্ছন্ন, ভক্তিমান রাবণ কিছুটা হলেও শেষে প্রকট।

মধুসূদন আধুনিক যুগের আধুনিক কবি। তাই ভক্তি নয়, রাবণের শক্তিকে তিনি অবলম্বন করেছেন। বাল্মীকির রামায়ণই তার আধার। রাবণ যেভাবে হার না মেনে বারবার লড়াই করেন সেটাই মধুসূদনকে মুগ্ধ করেছিল। রাবণের অটল মনোভাবের বিপরীতে কৃত্তিবাসী রামায়ণে যুদ্ধের সময় রামকে সাহায্যের জন্য—

"কুবের বরুণ অগ্নি যম পুরন্দর।
সভ দেবগণ বসিলা আকাশ উপর॥"

দেবতাদের এই পক্ষপাতের জন্যই মধুকবি লিখেছেন, "I despise Ram and his rebel; but the idea of Ravan elevates and kindles my imagination; he was a grand fellow!"[৬] কীভাবে রাবণকে নিয়ে তিনি প্রথার বাইরে গিয়ে এমন একটা উলটো ভাবনা ভেবে তাকে কাব্যরূপ দিলেন, তা ভেবে আশ্চর্য হতে হয়! মধুসূদন না থাকলে বাংলার পাঠককুল কি এমন নতুন ভাবনার আস্বাদ নিতে পারতেন? অবশ্য মেঘনাদ মারা যাওয়ার পর রাবণের বিলাপ বাল্মীকি-কৃত্তিবাস সবস্থানেই এক। পিতৃহৃদয়ের এই হাহাকার মধুসূদন নিপুণভাবে গ্রহণ করেছেন। বাল্মীকি রামায়ণের হেমচন্দ্র বিদ্যারত্ন কৃত অনুবাদে রাবণ বলেন, "হা বৎস! তুমি যৌবরাজ্য, লঙ্কা, রাক্ষসগণ, মাতা, পত্নী ও আমাকে পরিত্যাগ করিয়া কোথায় গেলে বীর! কোথায় আমি মরিলে তুমি আমার প্রেতকার্য করিবে, তা না হইয়া তোমার প্রেতকার্য আমায় করিতে হইবে? রাম, লক্ষ্মণ ও সুগ্রীব সকলেই জীবিত

আছে, এ সময় তুমি আমার হৃদয়শল্য উদ্ধার না করিয়া আমাদিগকে ছাড়িয়া কোথায় গমন করিলে!" রাবণের এই দিকটি আমাদের কাছে অনাবিষ্কৃত এবং গৌণ ছিল। মধুসূদন আমাদের ভাবিয়েছেন, রাবণ কি শুধুই রাজা? মানবিক দৃষ্টিতে দেখলে তিনি তো পিতাও। তাই বাল্মীকির কাব্যের হাহাকার মধুকবি রূপ দিয়েছেন এইভাবে—

"ছিল আশা, মেঘনাদ, মুদিব অন্তিমে
এ নয়নদ্বয় আমি তোমার সম্মুখে;
সঁপি রাজ্যভার, পুত্র, তোমায়, করিব
মহাযাত্রা! কিন্তু বিধি—বুঝিব কেমনে
তাঁর লীলা!"

(মেঘনাদবধ কাব্য, নবম সর্গ)

মধুসূদন রাবণকে করুণরসে জারিত করেছেন। নানা সময় রামায়ণকে নানাভাবে রূপ দিয়েছেন নানা কবি; সকলেরই মূল আধার মহর্ষি বাল্মীকি।

এখন প্রশ্ন এই, রাবণকে পরাজিত হতে হল কেন? হনুমান প্রথমে রাবণকে 'মহাত্মা' সম্বোধন করেছিলেন। বিভীষণের কাছে শোনা যায়, দশানন দাতা, বীর, তপস্বী, ভোগী, বেদান্তবিদ, বিদ্বান ও অগ্নিহোত্রী। তাঁর বক্ষঃস্থল বিশাল, দেহকান্তি বৈদূর্যমণিতুল্য এবং রাজোচিত লক্ষণযুক্ত। নীল মেঘের মতো ছিল তাঁর সুবিশাল নীল দেহ। হনুমান তাঁকে দেখে বলেছিলেন, রাক্ষসরাজের আশ্চর্য রূপ, আশ্চর্য ধৈর্য ও অদ্ভুত পরাক্রম। বিচিত্র তাঁর দেহদ্যুতি, ইনি সর্বাধিক সুলক্ষণযুক্ত। তাঁর অধর্ম যদি প্রবল না হত, তবে তিনি দেবতাদেরও অধিপতি হতে পারতেন। দশ হাজার হাতি, দশ হাজার রথ, বিশ হাজার অশ্ব, এক কোটি বলবান শস্ত্রপাণি নিয়ে তিনি যুদ্ধ করেছিলেন। এত কিছু সত্ত্বেও রাবণ পরাজিত হলেন শুধু দুর্বিনীত, উদ্ধত, অহংকারী, কামী স্বভাবের জন্য। কাম, ক্রোধ, লোভ ও মদ (অহংকার)—এই চারটি ভয়ানক রিপুর অধীন ছিলেন তিনি। বাল্মীকি সেই দিকটিই দেখিয়েছেন। মধুসূদন রাবণের দৃপ্ত দিকটি দেখিয়েছেন। মহাকাব্য লেখার সময় পাপ-পুণ্য-ঔচিত্যের দিক দেখাতে তিনি বাধ্য ছিলেন না। তাঁর অঙ্কিত রাবণের ব্যক্তিসত্তা পাঠকের কাছে প্রিয় হয়েছে। বাল্মীকির রাক্ষস রাবণ থেকে কৃত্তিবাস-তুলসীদাসের শরণাগত রাবণ হয়ে মধুসূদনের মানুষ রাবণের এই যাত্রাপথ উপভোগ্য, সুখপাঠ্য এবং আকর্ষণীয়।

তথ্যসূত্র

১। *রবীন্দ্র-রচনাবলী*, খণ্ড ৮, বিশ্বভারতী, ১২৫তম রবীন্দ্রজয়ন্তী উপলক্ষে প্রকাশিত সুলভ সংস্করণ, ১৩৯৫, পৃঃ ৬৮৯ [এরপর, *রবীন্দ্র-রচনাবলী*]

২। দ্রঃ নৃসিংহপ্রসাদ ভাদুড়ী, *রামায়ণী*, আনন্দ, ২০২১, পৃঃ ১৭১ [এরপর, *রামায়ণী*]

৩। দ্রঃ *রবীন্দ্র-রচনাবলী*, খণ্ড ৮, পৃঃ ৭১৬

৪। *রামায়ণী*, পৃঃ ২০২

৫। দ্রঃ সতীশচন্দ্র দাসগুপ্ত কর্তৃক সংকলিত ও অনূদিত গোস্বামী তুলসীদাস কৃত রামায়ণ, খাদি প্রতিষ্ঠান, ১৩৫২, কলকাতা, পৃঃ ৪১১

৬। মধুসূদন দত্ত, *রচনাবলী*, সাহিত্য সংসদ, ১৯৯৯, সাহিত্যসাধনা, পৃঃ ৩৩

সহায়ক গ্রন্থ

১। *বাল্মীকিকৃত রামায়ণম্*, অনুবাদ, আলোচনা ও সম্পাদনা : ড. ধ্যানেশনারায়ণ চক্রবর্তী, নিউলাইট, কলকাতা, ভাগ ১ (১৯৯৬), ভাগ ২ (১৯৯৭)

২। দীনেশচন্দ্র সেন, রামায়ণী কথা, পলাশ প্রকাশনী, ঢাকা, ১২১৭

৩। সুখময় ভট্টাচার্য, *রামায়ণের চরিতাবলী*, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা, ১৩৯৩

৪। কৃত্তিবাস-রচিত সম্পূর্ণ রামায়ণ, শ্রী সুবোধচন্দ্র মজুমদার সম্পাদিত, দেবসাহিত্য কুটির প্রাইভেট লিমিটেড, ১৯৭৭

Scanned with OKEN Scanner

ISSN 0976-9463
Volume 28 • Issue 1 • Number 49

তরুএকলব্য ৪৯

An International Peer-reviewed Refereed Research Journal on Arts & Humanities
কলা ও মানববিদ্যা বিষয়ক গবেষণাধর্মী পিয়ার-রিভিউড রেফার্ড পত্রিকা

দ্বিতীয় খণ্ড



বিশেষ সংখ্যা

কাজী নজরুল ইসলাম

সম্পাদনায়
তপন মন্ডল || শামস্ আলদীন

দি গৌরী কালচারাল এন্ড এডুকেশনাল অ্যাসোসিয়েশন

Scanned with OKEN Scanner

বাংলা কাব্যে নতুন ধারা ও নজরুল ‖ মুহম্মদ আবদুল হাই
৪৬

কবি নজরুল : নিপীড়িতজনের মন-মথনের বাণীকার ‖ অরূপ কুমার দাস
৫০

কাজী নজরুল : এক নীড়হারা পাখি ‖ বাঁধন সেনগুপ্ত
৫৯

নজরুল : মৌলিকত্বের আলোকে ‖ সোহারাব হোসেন
৬৫

নজরুলের চোখে মানবতাবাদ ‖ আশিস রায়
৮৩

দুখুমিঞা থেকে নজরুল : যন্ত্রণার ইতিকথা ‖ কল্যাণ মুখার্জী
৯০

নজরুলের রচনায় কৃষিভাবনা ‖ সুদেষ্ণা কোনার
৯৮

নজরুল : প্রসঙ্গ আধুনিকতা ‖ মিষ্টু রায় সামন্ত
১০৩

বাংলা সাহিত্যে নজরুল ‖ পায়েল মুখার্জী
১১২

কবি নজরুল : পুনর্বিচার

'অগ্নিবীণা' : কাব্যপাঠের ভূমিকা ‖ বিশ্বজিৎ ঘোষ
১১৮

নজরুলের রোমান্টিক মানস : 'চক্রবাক' ‖ বিশ্বজিৎ ঘোষ
১৩০

নজরুল : একালের পাঠকের উপলব্ধিতে ‖ মুন্সী মহম্মদ ইউনুস
১৩৫

নজরুলের কাব্যে প্রকৃতি ‖ প্রীতম মণ্ডল
১৪১

নজরুলের কাব্যসংগীত : বাংলা সাহিত্যের এক অমূল্য সম্পদ ‖ নীলাংশু অধিকারী
১৪৬

Scanned with OKEN Scanner

দুখুমিঞা থেকে নজরুল : যন্ত্রণার ইতিকথা

কল্যাণ মুখার্জী

বুদ্ধদেব বসুর কথা ধরেই বলি, 'রবীন্দ্রনাথের পরে বাংলা ভাষায় তিনিই প্রথম মৌলিক কবি' (রবীন্দ্রনাথ ও উত্তরসাধক)। আর সাহিত্য বিচারের অন্যতম মানদণ্ড যদি জনপ্রিয়তা হয়, তাহলে নজরুলের তুল্য জনপ্রিয় কজন। কিন্তু প্রাপ্য সম্মান বা বাল্যকাল থেকে নজরুলের জীবনী আণ্ডীকরণ এ বাংলায় দেখা গেলেও প্রয়োজনের তুলনায় তা নেহাতই কম, নগণ্য। তাই নজরুলপ্রেমীদের বঞ্চিত বুকে পুঞ্জিত অভিমান জমে থাকা অস্বাভাবিক নয়।

জন্ম থেকেই উপেক্ষা এবং সংগ্রাম নজরুলের জীবনে বরাবরের সঙ্গী ছিল। চুরুলিয়ার উত্তরে অজয়, পশ্চিমে দামোদর, তার গা ঘেঁষে রাণীগঞ্জের কয়লাখনি। এই ভৌগোলিক আবহাওয়াতে বেড়ে উঠেছে দুখু মিঞার শৈশব। আগের সন্তানদের মতো যেন এই সন্তানেও মৃত্যুদৃষ্টি না পড়ে তাই বাবা-মা নাম রেখেছিলেন দুখু মিঞা। বাল্যকালের এই নামমাহাত্ম্য তাঁকে আজীবন বয়ে বেড়াতে হয়েছে। মাত্র নয় বছর বয়সে পিতৃহারা হওয়ার পর ঘরের বাঁধনে তাঁকে আর বেঁধে রাখা যায়নি। তারপর থেকে মায়ের সঙ্গে মনোমালিন্যের কারণে চুরুলিয়ার প্রতি আকর্ষণ আমৃত্যু আর অনুভব করেননি। আজীবন বোহেমিয়ান হয়ে ওঠার পিছনে পারিবারিক এই সূক্ষ্ম কারণটির প্রভাব থাকতে পারে বলে নজরুলের জীবনীকাররা অনুমান করেছেন।[১]

এই যোহেমিয়ান স্বভাবের ফলশ্রুতিতেই হোক আর ঘরের প্রতি আকর্ষণের অভাবেই হোক, মাত্র আঠারো বছর বয়সে করাচিতে যখন সেনাবাহিনীতে যোগ দিতে যান তখন সেনাবাহিনীর ছাউনিতে অখণ্ড অবসরে পুরোদমে শুরু হয় সাহিত্যচর্চা। কলকাতার পত্র-পত্রিকায় প্রকাশিত হতে থাকে একের পর এক কবিতা। এক ডিসেম্বরে শীতের সন্ধ্যায় কলকাতায় যখন জন্ম হল 'বিদ্রোহী' কবিতার, তারপর থেকেই প্রশংসার পাশাপাশি শুরু হয় নিন্দার ঝড়। নজরুলের জীবনযন্ত্রণার প্রথম দিক হিসাবে আমরা সাহিত্য জগতের এই তীব্র আক্রমণকেই চিহ্নিত করব। ছোটো-বড়ো বিভিন্ন কবি তাঁদের লেখায় ব্যঙ্গ-বিদ্রুপ আর

আক্রমণে নজরুলকে ক্ষতবিক্ষত করে তুললেন। সজনীকান্ত দাস, মোহিতলাল মজুমদার, গোলাম মোস্তাফা এই আক্রমণের পুরোভাগে থাকতেন। অভিশাপ দিয়ে মোহিতলাল লিখলেন—'তোরে লোকে ভুলে যাবে দেয়ালের দগ্ধ মসীরেখা/তার চেয়ে বেশি কিছু তোর নামে নাই রবে লেখা' (বিস্মৃতি ও স্মৃতি)। পরস্পর আক্রমণে কবিমন জর্জরিত হয়ে ওঠে, যন্ত্রণায় লিখলেন কমলকাঁটা—'আজকে দেখি হিংসামদের মত্ত বারণরণে,/জাগছে শুধু মৃণালকাঁটা আমার কমলবনে'। একদিকে বাংলার দামাল ছেলেরা উন্নত শিরে শাসকের বিরুদ্ধে লড়াইয়ের মন্ত্র খুঁজছে তাঁর কবিতায়, অন্যদিকে 'শনিবারের চিঠি'র মতো কাগজে ব্যঙ্গ-বিদ্রূপের বন্যা বয়ে গিয়েছে একই সময়ে। বিদ্রোহী, সাম্যবাদীর মতো বিখ্যাত কবিতার কুৎসিত সমালোচনাতে উত্তাল হয়ে উঠেছিল বাংলাদেশের কাগজ। 'মোসলেম জগৎ', 'মোসলেম দর্পণ', 'সাপ্তাহিক হানাফি' প্রভৃতি কাগজের জঘন্য ভাষার নিয়মিত গালিগালাজ সহ্য করেছেন নজরুল সেইসময়।

একদিকে স্বদেশবাসীর কটূক্তি, আরেকদিকে শাসক ইংরেজের বক্রচক্ষু। কবিতা লিখে এবং প্রকাশ করে নজরুলের মতো এত বিড়ম্বনায় সেইসময় আর কাউকে পড়তে হয়নি। বইপ্রকাশের পরেই সরকার তাঁর বই নিষিদ্ধ ঘোষণা করে বাজেয়াপ্ত করবে, এ যেন ভবিতব্য হয়ে দাঁড়িয়েছিল। 'অগ্নিবীণা', 'বিষের বাঁশি', 'ভাঙ্গার গান' প্রকাশিত হওয়ার কিছুদিনের মধ্যেই বাজেয়াপ্ত হয়। ফলে চাহিদা থাকা সত্ত্বেও নজরুল তাঁর বইগুলি থেকে রয়্যালটি বাবদ কোনও অর্থ পেতেন না। যোগ্যতা থাকা সত্ত্বেও প্রাপ্য অর্থ থেকে বঞ্চিত হতে হয়েছে বারবার। এই সময় সাহিত্য জগতের বিদ্রূপের পাশাপাশি যুক্ত হল সামাজিক আক্রমণ। একজন মুসলমান হয়ে হিন্দু দেব-দেবীর প্রসঙ্গ কবিতায় আনা নিয়ে অসন্তুষ্ট ছিলেন হিন্দু সমাজের শিরোমণি-চূড়ামণির দল। ঠিক একই কারণে মুসলমান সমাজে 'কাফের' আখ্যা পেতে হয়েছিল তাঁকে। সেই সময়ের বিভিন্ন লেখাতে মুসলমান সমাজ তাঁকে তীব্র আক্রমণ করেছে।[২] 'আমার কৈফিয়ৎ' কবিতায় কৈফিয়তের ভঙ্গিতে কবি সেইসময়ে তাঁর ওপর সামাজিক বিমুখতার ছবি তুলে ধরেছেন। আসলে ঘরও নহে পারেও নহে যে জন আছে মাঝখানে তাকে মেনে নেওয়ার মতো সমাজ তখন ছিল না, বোধ করি আজও নেই। তার উপর হিন্দু রমণী প্রমীলাকে বিয়ে করে সমাজের চোখে অপরাধের মাত্রা দ্বিগুণ হয়ে গিয়েছিল। লাভের খাতায় হিসেব করে জীবন ভরে না আর নজরুল শুধু লাভের খাতায় কেন, কোনো খাতাতেই কোনও হিসেব করে চলেননি কখনও। 'আমি তাই কবি ভাই যখন চাহে এ মন যা'—আক্ষরিকভাবেই কবিতার এই বাক্য তাঁর যাপনেও স্বতঃস্ফূর্ত ছিল। হাতে অর্থ এলে কোনও পরিকল্পনা করে খরচ করেননি কখনো। বাড়িতে অতিথি এলে দেদার খাওয়া দাওয়াতে খরচ করে ফুরিয়ে দিতেন অথবা কারোর অভাবে দান করে দিতেন। পরেরদিন থেকেই যে আবার নিদারুণ অভাব সে হিসেব থাকত না। সারা বাংলা গান কবিতায় অনুষ্ঠান করে ঘুরে বেড়াতেন, ঘরে স্ত্রী এবং শাশুড়ি কীভাবে অর্থকষ্টে সংসার চালান সে বিষয়ে টের পেতেন ঘরে ফিরলে। অভাব কখনো সঙ্গ ছাড়েনি তাঁর। যেদিন বুলবুলের জন্ম হয় সেদিনই সকালে কবি বাড়ি ফেরেন। চূড়ান্ত অনটনে গড়ে সেদিন বন্ধুকে চিঠি লেখেন অর্থসাহায্যের জন্য—

> আজ সকাল ছ'টায় আমার একটি পুত্রসন্তান হয়েছে। তোমার বৌদি অসুস্থ ভালো আছে। আমিও আজ সকালে ফিরে এলাম যশোর খুলনা যাগেরহাট সৌলতপুর প্রভৃতি ঘুরে। টাকার

Scanned with OKEN Scanner

UGC CARE LISTED PERIODICAL
ISSN : 2278 - 6864

Education and Society

Since 1977

Vol:47, Issue:01, No.:14, Jan - Mar. 2023

Indian Institute of Education

J. P. Naik Path, 128/2, Kothrud, Pune-411 038

ISSN: 2278-6864
UGC CARE Listed Periodical

शिक्षण आणि समाज

Education and Society

Since 1977

The Quarterly dedicated to the policy of "Education for Social Development and Social Development through Education"

Indian Institute of Education

J. P. Naik Path, Kothrud, Pune-38

Education and Society

Indian Institute of Education

Founders

Prof. J. P Naik and Dr. Chitra Naik,

Shri. S. D. Gokhale, **Administrator**

Editorial Board

Dr. Jayasing Kalake, *Editor*

Dr. P. N. Gaikwad, *Executive Editor*

Dr. Prakash Salavi, *Assistant Executive Editor*

Dr. S. M. (Raja) Dixit

Prof. V. N. Bhandare

Dr. Sharmishtha Matkar

Shailja Sawant, Secretary

Publisher
Indian Institute of Education
J.P. Naik Path, 128/2, Kothrud, Pune 411038
Web-site: www.iiepune.org
E-mail: editor.iiepune@gmail.com

'Shikshan ani Samaj' (Education & Society), the educational Quarterly is owned, printed and published by the Indian Institute of Education, Pune. It is printed at Pratima Offset, 1B, Devgiri Estate, S.No. 17/1B, Plot No. 14, Kothrud Industrial Area, Kothrud, Pune 411038 and Published at Indian Institute of Education, J.P. Naik Path, 128/2, Kothrud, Pune 411038. Editor: Dr. Jayasing N. Kalake Opinions or views or statements and conclusions expressed in the articles which are published in this issue are personal of respective authors. The Editor, Editorial Board and Institution will not be responsible for the same in any way.

INDEX

1 WOMEN AND POLITICAL PARTICIPATION: A COMPARATIVE STUDY WITH SPECIAL REFERENCE TO ASSAM

2 EDUCATIONAL STRUCTURE & ITS DEVELOPMENT IN JAMMU & KASHMIR UNDER DOGRA RULERS (1846-1947)

3 ROLE OF TSTDC IN THE DEVELOPMENT OF ECO -TOURISM IN TELANGANA STATE

